

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ
নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-০৭/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১৩ জুলাই, বৃহস্পতিবার ২০২৩, ২৯ আষাঢ় ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০২। খাল অবৈধ দখলমুক্ত করতে উচ্ছেদ কার্যক্রম পরিদর্শন করেছেন সিটি মেয়র
- ০৪। ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের বদলি উপলক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময়
- ০১। ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহে সমন্বিত কার্যক্রম চলমান
- ০৩। নগরীর নির্মাণাধীন ভবনে এডিস মশার লার্ভা পাওয়ায় মামলা-জরিমানা
- ০৫। সরকারি হাসপাতালে ৫০ টাকায় হবে ডেঙ্গু পরীক্ষা

০১। খাল অবৈধ দখলমুক্ত করতে উচ্ছেদ কার্যক্রম পরিদর্শন করেছেন সিটি মেয়র

জলাবদ্ধতা নিরসনে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে খাল সংস্কার ও খালের উভয় পাশের অবৈধ দখল অপসারণে চলমান উচ্ছেদ কার্যক্রম বুধবার (১২ জুলাই) দুপুরে পরিদর্শন করেছেন সিটি মেয়র মোঃ ইকরামুল হক টিটু। গত ৫ জুলাই থেকে খালের অবৈধ দখলের বিরুদ্ধে উচ্ছেদ কার্যক্রম শুরু করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। পরিদর্শনকালে মেয়র খাল অবৈধ দখলমুক্ত না হওয়া পর্যন্ত অভিযান চলমান থাকবে বলে মন্তব্য করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের বদলি উপলক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময়

ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনার মোঃ শফিকুর রেজা বিশ্বাসের বিদায় উপলক্ষ্যে বুধবার (১২ জুলাই) বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলনকক্ষে মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় ময়মনসিংহ বিভাগীয় দপ্তরপ্রধানগণ কমিশনার মহোদয়ের সাথে তাদের কর্মকালীন সহযোগিতার বিষয়ে স্মৃতিচারণ করেন। তিনি ৮ জুন ২০২১ খ্রিষ্টাব্দ থেকে প্রায় দুই বছর ময়মনসিংহের বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক নিউ টাইমস।

০৩। ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহে সমন্বিত কার্যক্রম চলমান

ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশন, স্বাস্থ্য অধিদপ্তর, জেলা তথ্য অফিসসহ ময়মনসিংহের সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে চলেছে। নতুন ওয়ার্ড স্থাপনসহ স্বাস্থ্যসেবা প্রদানের মধ্য দিয়ে ডেঙ্গুর ভয়াবহতা মোকাবিলায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালও ভূমিকা রাখছে। প্রতিষ্ঠানগুলো স্বাস্থ্য সচেতনতায় মাইকিং, লিফলেট বিতরণ, অনলাইনে সচেতনতামূলক বিজ্ঞাপন প্রচার, ডেঙ্গু নিরোধে এজাল্টিসাইড ও লার্ভিসাইড প্রয়োগ প্রভৃতি বাস্তবমুখী বিভিন্ন জনকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০৪। নগরীর নির্মাণাধীন ভবনে এডিস মশার লার্ভা পাওয়ায় মামলা-জরিমানা

ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) গৃহীত নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বুধবার (১২ জুলাই) দুপুরে পরিচালিত অভিযানে মৃত্যুঞ্জয় স্কুল রোড ও জেসিগুহ রোডের দুই নির্মাণাধীন ভবন এবং রেলির মোড় এলাকার এক টায়ারের দোকানে এডিস মশার লার্ভা পাওয়ায় ভবন ও দোকান মালিকদের সর্বমোট ৩০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। মসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দীপায়ন দাস শুভ এ ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

০৫। সরকারি হাসপাতালে ৫০ টাকায় হবে ডেঙ্গু পরীক্ষা

আগামী এক মাস সব সরকারি হাসপাতালে ১০০ টাকার পরিবর্তে ৫০ টাকায় ডেঙ্গু পরীক্ষা করানো যাবে। স্বাস্থ্য অধিদপ্তর এক বিশেষ সতর্কবার্তায় এ তথ্য জানিয়েছে বলে বুধবার (১২ জুলাই) সরকারি এক তথ্যবিবরণীতে উল্লেখ করা হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** স্বাধীনতার অর্ধশত বছর পর দেশের বিজ্ঞানচর্চায় অনেক অগ্রগতি সাধিত হয়েছে। আমরা উন্নত একটি দেশে পরিণত হওয়ার দিকে ধাবিত হচ্ছি। বিজ্ঞানমনস্ক একটি জাতি গঠিত হোক এবং বাংলাদেশ একটি উন্নত রাষ্ট্রে পরিণত হোক, এটাই প্রত্যাশা।

(খ) **দৈনিক স্বজন:** সড়ক মহাসড়কে দুর্ঘটনার ব্যাপকতা কিছুতেই রোধ করা যাচ্ছে না। সড়ক দুর্ঘটনা রোধে ২০০৯ সালে একটি আইন কার্যকর করা হলেও এর যথাযথ বাস্তবায়ন আজও নিশ্চিত করা হয়নি। দেশে সড়ক দুর্ঘটনা উদ্বেগজনক মাত্রায় বৃদ্ধি পাওয়ায় এই আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা জরুরি হয়ে পড়েছে।

(গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশে জনসংখ্যার তুলনায় দক্ষ জনশক্তির অভাব আছে। দক্ষ জনশক্তির অভাব আমাদের প্রতিটি ক্ষেত্রে। দক্ষ জনশক্তি গড়ে তুলতে হলে যুগোপযোগী শিক্ষা ও প্রশিক্ষণ এর বিকল্প নেই। নীতি নির্ধারকদের এ বিষয়ে গুরুত্ব দিতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

০১। নদ-নদী ও জলাশয় সংরক্ষণ করতে হবে - ড. মনিরুল ইসলাম। (দৈনিক স্বজন)

০২। আওয়ামী লীগের নেতৃত্বেই গড়ে উঠবে মুক্তিযুদ্ধের চেতনার বাংলাদেশ - হীরেন পন্ডিত। (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

০৩। জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে হবে - ইমরান ইমন। (দৈনিক নিউ টাইমস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।